গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
(এসএ শাখা)
শরীয়তপুর
www.shariatpur.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর : ৩১.৩০.৮৬০০.০০৮.০৭.০৬৬.২৩ - ৯৬৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০
১৯ ফেব্রুয়ারি ২০২৪

## ১৪৩১ বঙ্গাব্দের জন্য বালুমহাল ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ মোতাবেক শরীয়তপুর জেলার নিম্নোক্ত বালুমহালটি ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত অর্থাৎ ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত তালিকাভুক্ত/লাইসেন্সধারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত ও সময়সূচি অনুযায়ী দরপত্র আহ্বান করা যাচ্ছে। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ১০(৪) এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৯ ধারা মোতাবেক তালিকাভুক্ত ইজারাদারগণ (বালুমহাল) উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। প্রতিটি দরপত্র/আবেদন ফরম ১০০০/- (এক হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ (ফেরতযোগ্য) জেলাপ্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সর্বোচ্চ দর অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, গৃহীত দরের উপর পৃথক ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

নিম্নে উল্লিখিত অতিরিক্ত শর্তাবলি দরপত্রের অংশ হিসেবে গণ্য হবে। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪৩১ বঙ্গাব্দে ইজারাযোগ্য বালুমহালের নাম ও সম্ভাব্য সরকারি ইজারা মূল্য

(০১ বৈশাখ হতে অথবা ইজারা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ)

| ক্রমিক | উপজেলা | বালুমহালের নাম | বালুমহালের তপশিল | মাটি/বালুর পরিমাণ (ঘনফুট) | সম্ভাব্য সরকারি ইজারা মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | ভেদরগঞ্জ | ভেদরগঞ্জ উপজেলাধীন ৯২ নম্বর বাঘাইয়া মৌজার বালুমহাল | মৌজা: ৯২ নম্বর বাঘাইয়া<br>খতিয়ান: বিআরএস ১<br>দাগ : ১<br>জমির পরিমাণ : ১৫.৮৮ একর | ২,৫৮,৫৯,৯৫৩ | ১,২৪,১২,৭৭৭/- | ৬ নম্বর ক্রমিকে বর্ণিত ভিত্তি মূল্যের চেয়ে কম মূল্যে দরপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে |

### ইজারা কার্যক্রম পরিচালনার সিডিউল

| দফা | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ম | ০৭-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | ১১-০৩-২০২৪<br>সকাল ৯.০০ ঘটিকা হতে<br>বেলা: ০২.০০ টা | ১১-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | বিভাগীয় কমিশনারের কার্যালয়<br>ঢাকা বিভাগ, ঢাকা;<br>রাজস্ব শাখা<br>জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর ;<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ,ভেদরগঞ্জ |
| ২য় | ১৮-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | ২০-০৩-২০২৪<br>সকাল ৯.০০ ঘটিকা হতে<br>বেলা: ০২.০০ টা | ২০-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | |
| ৩য় | ২৭-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | ৩১-০৩-২০২৪<br>সকাল ৯.০০ ঘটিকা হতে<br>বেলা: ০২.০০ টা | ৩১-০৩-২০২৪<br>বেলা: ০৩.০০ টা | |

### বালুমহাল ইজারার দরপত্র দাখিলের শর্তাবলি:

(১) জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর হতে তালিকাভুক্ত ঠিকাদার ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ইজারা দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

(২) সিলমোহরকৃত খামে বালুমহালের জন্য দরপত্র দাখিল করতে হবে। বালুমহালের জন্য উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

CamScanner

(৩) দরপত্র দাখিলের সময় উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত স্বরূপ (ফেরতযোগ্য) জেলাপ্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই সংযোজন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৪) প্রতিটি দরপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, হালনাগাদ ট্রেড লাইসেন্স TIN, সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণপত্র, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র, আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (স্থিতির পরিমাণ উল্লেখসহ) ও অভিজ্ঞতা সনদপত্র (যদি থাকে) দাখিল করতে হবে।

(৫) ড্রেজার/মেশিনের মালিক বা উক্ত মেশিন ভাড়ায় সংগ্রহ করার ক্ষেত্রে যার নিকট হতে ভাড়ায় আনা হবে তার প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে।

(৬) দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, গৃহীত দরের উপর পৃথক ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করে বালুমহালের দখল বুঝে নিতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

(৭) ইজারা গ্রহণের পর ইজারা গ্রহীতা ঐ বালুমহাল অন্যত্র সাব-লিজ দিতে পারবে না। এরূপ পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ ইজারা বাতিল করা হবে।

(৮) চূড়ান্ত দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত সিডিউল অনুযায়ী দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

(৯) ইজারা গ্রহণকৃত এলাকা ব্যতীত অন্য কোন এলাকা হতে ইজারাদার বালু উত্তোলন করতে পারবেন না। উল্লিখিত শর্ত ভঙ্গের জন্য ইজারাদার দায়ী থাকবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(১০) বাংলা ১৪৩১ সনে ইজারাকৃত বালুমহালের ইজারা কার্যক্রম অথবা বালুমহালের দখল হস্তান্তর যে তারিখেই সম্পন্ন হোক না কেন তা বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারার মেয়াদ হিসেবে গণ্য হবে। পরবর্তীতে ক্ষতির সম্মুখীন হয়েছি মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট অথবা আদালতে ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না।

(১১) বালু উত্তোলনে ব্যবহৃত সরঞ্জামাদি ও পরিবহন ব্যবস্থা দরপত্র ফরমে উল্লেখ করতে হবে।

(১২) উত্তোলিত বালু বা মাটি কোন অবস্থাতেই নদীর তীরে বা নদীতে ফেলা যাবে না।

(১৩) নৌ-পথের অবকাঠামোগত পরিবর্তন করা যাবে না। বালু উত্তোলনকালে নৌ-চলাচলের কোন বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

(১৪) সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত বালু বা মাটি উত্তোলন করা যাবে। রাত্রিকালে বালু বা মাটি উত্তোলন করা যাবে না।

(১৫) বালু বা মাটি উত্তোলনের ফলে সরকারি সম্পত্তি বা স্থানীয় জনগণের জমি ক্ষতিগ্রস্ত করা যাবে না এবং ক্ষতির সম্মুখীন হলে ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে তা সমাধান করবেন।

(১৬) নদীর ভূ-প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজপ্রাণি ও উদ্ভিদ বিনষ্ট করে বালু উত্তোলন করা যাবে না।

(১৭) সেতু, সড়ক, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার নিকটবর্তী স্থান এবং পরিবেশের ভারসাম্য বিনষ্ট করে এমন কোন স্থান হতে বালু উত্তোলন করা যাবে না।

(১৮) নদীর তলদেশ হতে বালু ও মাটি উত্তোলনের ক্ষেত্রে যথাযথ ঢাল সংরক্ষণ সাপেক্ষে কাটিং ড্রেজার ব্যবহার করে সুয়িং করে নদীর তলদেশ সুষম স্তরে খনন করতে হবে।

(১৯) বালুমহাল দখল গ্রহণের পূর্বে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করে প্রদত্ত শর্তাদি পালন করতে হবে।

(২০) কর্তৃপক্ষ কোন কারণে সর্বোচ্চ দর অনুমোদন না করলে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(২১) বালুমহাল ইজারা চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা বলবৎ এর কারণে ইজারা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হলে তার জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

(২২) বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ (সংশোধিত, ২০২৩) ও বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর সকল শর্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা (যদি থাকে) মেনে চলতে হবে।

(২৩) ভুল বা মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(২৪) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত দরপত্র কার্যক্রম স্থগিত করতে পারবে।

Ahmed 19.02.24

(মুহাম্মদ নিজাম উদ্দীন আহাম্মেদ)
জেলাপ্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
শরীয়তপুর
ফোন : ০২-৪৭৮৮১৫১৪১
ই-মেইল : dcshariatpur@mopa.gov.bd

CamScanner

নম্বর : ৩১.৩০.৮৬০০.০০৮.০৭.০৬৬.২৩- ২৬৯(২৬)

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহম্মদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৩। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৬। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। পুলিশ সুপার, শরীয়তপুর।
০৮। অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), শরীয়তপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, শরীয়তপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
১১। সহকারী কমিশনার (ভূমি), শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর।
১২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর (জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, শরীয়তপুর।
১৪। জনাব.......................................................................................................................।
১৫। অফিস কপি।

১৯/০২/২৪

পলাশ কুমার দেবনাথ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
শরীয়তপুর

CamScanner